

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৫০

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ মুসাফির ব্যক্তি নিজের মাঝে শক্তিমত্তা অনুভব করলে সিয়াম রাখা এবং দুর্বলতা অনুভব করলে সিয়াম ভঙ্গ করাতে কোন দোষ নেই

ذِكْنُ إِسْقَاطِ الْحَرَجِ عَنِ الصَّائِمِ الْمُسَافِرِ إِذَا وجد قوة وعن الْمُفْطِرِ الْمُسَافِرِ إِذَا ضَعَفَ عَنْهُ

আরবী

3550 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ قَالَ: أَخْبَرَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنِ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَصْرَةَ عَنْ أَبِي سَعِيدِ قَالَ: كُنَّا نَغْزُو مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم في رَمَضَانَ فِمِنَّا الصَّائِمُ ومنَّا المُفْطِرُ فَلَا يَجِدُ الصَّائِمُ عَلَى الْمُفْطِرِ وَلَا الْمُفْطِرِ وَلَا الْمُفْطِرُ عَلَى الصَّائِمِ يَرَوْنَ أَنَّ مَنَ وَجَدَ قُوَّةً فَصَامَ فَهُو حَسَنٌ وَمَنْ وَجَدَ ضَعْفًا فَأَفْطَرَ فَهُو حَسَنٌ وَمَنْ وَجَدَ الله الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 0550 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2081).

বাংলা

৩৫৫০. আবৃ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা রমযান মাসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে থেকে যুদ্ধ করেছি। আমাদের মাঝে কেউ সিয়াম পালনকারী আবার কেউ সিয়াম ভঙ্গকারী ছিলেন। সিয়াম পালনকারী সিয়াম ভঙ্গকারীর উপর এবং সিয়াম ভঙ্গকারী সিয়াম পালনকারীর উপর রাগ করতেন না। তারা মনে করতেন যে, যে ব্যক্তি নিজের মাঝে শক্তিমত্তা অনুভব করবে, তিনি সিয়াম রাখলে সেটা ভালো আর কেউ নিজের মাঝে দুর্বলতা অনুভব করে সিয়াম ভঙ্গ করলে সেটাও ভালো।"[1]

ফুটনোট



[1] তিরমিয়ী: ৭১৩; মুসনাদ আহমাদ: ৩/১২; সহীহ মুসলিম: ১১১৬; নাসাঈ: ৪/১৮৮; সহীহ ইবনু খুয়াইমাহ: ২০৩০; সুনান বাইহাকী: ৪/২৪৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৭; তিরমিয়ী: ৭১২; আবূ দাউদ: ২৪০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন